# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 2nd Semester Examination, 2019

## CC4-BENGALI

Time Allotted: 2 Hours | Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*
*Candidates should answer in their own words and adhere to the word limit as practicable.*

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) কালিদাসের 'রঘুবংশম্' কাব্যটি কয়টি সর্গে বিভক্ত ? সর্গগুলির নাম লেখো। এটি কোন্ ধরনের রচনা ?

(খ) ভবভূতির নাটকের সংখ্যা কয়টি ও কী কী ? তাঁর শ্রেষ্ঠ নাটকটির উৎস নির্দেশ করো।

(গ) বাণভট্ট কোন্ রাজার সভাকবি ছিলেন ? তাঁর পৃষ্ঠপোষক রাজার জীবন-কথা অবলম্বনে রচিত গ্রন্থটির নাম লেখো। এই গ্রন্থের কয়েকটি চরিত্রের নাম লেখো।

(ঘ) 'প্যারাডাইস লস্ট' কাব্যটি কার রচিত ? এটি কোন্ ধরনের কাব্য ? এটি কোন্ শতকে রচিত হয়েছিল ?

(ঙ) চার্লস ডিকেন্সের আত্মজৈবনিক রচনাটির নাম কী ? এটি কবে প্রকাশিত হয়েছিল ? এই গ্রন্থের দুটি প্রধান চরিত্রের নাম লেখো।

(চ) 'মৃচ্ছকটিক', 'ঋতুসংহার', 'মহাবীর চরিত', 'ম্যান অ্যাণ্ড সুপারম্যান', 'লুসি কবিতা গুচ্ছ', 'কিং লীয়ার' — গ্রন্থগুলির রচয়িতাদের নাম লেখো।

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) কালিদাসের 'মেঘদূতম্' কাব্যটির বিশেষত্ব সংক্ষেপে লেখো।

(খ) বাণভট্টের 'কাদম্বরী' সম্পর্কে রবীন্দ্রনাথ বলেছিলেন —"সমস্ত কাদম্বরী কাব্য একটি চিত্রশালা" — মন্তব্যটির সারবত্তা আলোচনা করো।

(গ) যে-কোনো একটি সম্পর্কে সংক্ষিপ্ত টীকা লেখো — 'মালতী মাধব', 'দ্য প্রিলিউড'।

(ঘ) 'লিরিক্যাল ব্যালাডস' কাদের সম্পাদনায় কবে প্রকাশিত হয়েছিল ? ইংরেজি সাহিত্যের ইতিহাসে এই গ্রন্থটির গুরুত্ব নির্দেশ করো।

(ঙ) সনেট রচয়িতা শেক্সপীয়রের বিশেষত্ব আলোচনা করো।

(চ) বার্নাড শ এর 'আর্মস অ্যাণ্ড দ্য ম্যান' কবে রচিত হয়েছিল ? সংক্ষেপে এর বিষয়বস্তু আলোচনা করে এই নাটকের আধুনিকতা নির্দেশ করো।

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) সংস্কৃত নাট্য সাহিত্যের ইতিহাসে কালিদাসের স্থান নির্দেশ করো।

(খ) জয়দেব সংস্কৃত সাহিত্যের শেষ উল্লেখযোগ্য কবি — আলোচনা করো।

(গ) শেক্সপীয়রের কমেডি নাটকগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও।

(ঘ) টি.এস.এলিয়টের সাহিত্যে যুগগত অবক্ষয়ের ছবি ফুটে উঠেছে, তার সংক্ষিপ্ত পরিচয় দাও।

——×——

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Programme 2nd Semester Examination, 2019

## DSC2A/DSC2B-BENGALI

Time Allotted: 2 Hours | Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*
*Candidates should answer in their own words and adhere to the word limit as practicable.*

**The question paper contains DSC2A & DSC2B.**
**Candidates are required to answer any *one* from the two courses and they should mention it clearly on the Answer Book.**

## BENGALI-DSC2A

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) লয় কাকে বলে ? কত প্রকার ও কী কী ?

(খ) পর্বের সংজ্ঞা দাও এবং বাংলা ছন্দে এর গুরুত্ব বিচার করো।

(গ) বাংলার প্রধান তিনটি ছন্দের মাত্রা গণনা পদ্ধতিগুলি আলোচনা করো।

(ঘ) বক্রোক্তির উদাহরণসহ সংজ্ঞা নির্দেশ করো।

(ঙ) অপহ্নুতি অলংকার কাকে বলে ? উদাহরণসহ ব্যাখ্যা করো।

(চ) অতিশয়োক্তি অলংকার বলতে কী বোঝো ? উদাহরণসহ আলোচনা করো ।

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) ছন্দোলিপি প্রস্তুত করো —

মহাভারতের কথা অমৃত সমান।
কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান।।

অথবা

আমি যদি জন্ম নিতেম কালিদাসের কালে।
দৈবে হতেম দশম রত্ন নবরত্নের মালে।।

(খ) ছন্দোলিপি প্রস্তুত করো —

ভূতের মতন চেহারা যেমন নির্বোধ অতি ঘোর।
যা কিছু হারায় গিন্নী বলেন কেষ্টা বেটাই চোর।।

অথবা

শাশুড়ী ননদী নাই নাই তোর সতা
কার সনে দ্বন্দ্ব করি চক্ষু কৈলি রাতা।

(গ) অলংকার নির্ণয় করো — (যে-কোনো *দুটি*)

(i) হার মানা হার পরাব তোমার গলে।

(ii) কলকল্লোলে লাজ দিল আজ
নারীকণ্ঠের কাকলি।

(iii) নামে সন্ধ্যা তন্দ্রালসা সোনার আঁচল-খসা,
হাতে দীপশিখা।

(ঘ) অলংকার নির্ণয় করো — (যে-কোনো *দুটি*)

(i) কি সুন্দর মালা আজি পরিয়াছ গলে,
প্রচেতঃ।

(ii) এখনি অন্ধ, বন্ধ কোরো না পাখা।

(iii) চঞ্চল আলো আশার মতন
কাঁপিছে জলে।

(ঙ) রূপক অলংকারের শ্রেণিবিভাগগুলির উদাহরণসহ আলোচনা করো।

(চ) টীকা লেখো — (যে-কোনো *দুটি*)
স্তবক, দল, মিল, যতি

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২=২৪

(ক) কলাবৃত্ত ছন্দের পরিচয় দাও। এবং এই ছন্দের অন্যান্য নামগুলি কী কী ? এই ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো।

(খ) অনুপ্রাস অলংকারের সংজ্ঞা নির্ণয় করো। এবং এর শ্রেণিবিভাগগুলির উদাহরণসহ আলোচনা করো।

(গ) অমিত্রাক্ষর ছন্দের প্রবর্তক কে ? এই ছন্দের বিশেষত্ব আলোচনা করো।

(ঘ) পয়ার ছন্দের রূপভেদগুলি আলোচনা করো।

## BENGALI-DSC2B

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) অক্ষর কাকে বলে ? কত প্রকার ও কী কী ?

(খ) যতি বলতে কী বোঝো ? উদাহরণসহ লেখো।

(গ) চরণ ও পংক্তির মধ্যে পার্থক্য লেখো।

(ঘ) সমাসক্তি অলংকারের সংজ্ঞা ও উদাহরণ দাও।

(ঙ) ব্যতিরেক অলংকার কাকে বলে ? উদাহরণসহ বুঝিয়ে দাও।

(চ) ব্যাজস্তুতি বলতে কী বোঝো ? উদাহরণসহ অলংকারটি স্পষ্ট করো।

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) ছন্দোলিপি প্রস্তুত করো —

রায় বেশে নাচ নাচের ঝোঁকে মাথায় মারলে গাঁট্টা।
শ্বশুর কাঁদে মেয়ের শোকে বর হেসে কয় ঠাট্টা ।।

অথবা

ঐ আসে ঐ অতি ভৈরব হরষে।
জল সিঞ্চিত ক্ষিতি সৌরভ রভসে।।
ঘন গৌরবে নবযৌবনা বরষা।
শ্যাম গম্ভীর সরসা।।

(খ) ছন্দোলিপি প্রস্তুত করো —

মা নিম খাওয়ালে চিনি বলে কথায় করে ছলো,
ওমা মিঠার লোভে তিত মুখে সারা দিনটা গেলো।

অথবা

যাই ভিজে ঘাসে ঘাসে বাগানের নিবিড় পল্লবে,
স্তম্ভিত দিঘির জলে স্তরে স্তরে আকাশে মাটিতে।

(গ) অলংকার নির্ণয় করো — (যে-কোনো ***দুটি***)

(i) তাই তার ভীরু কণ্ঠস্বরে
পলাতক নির্ঝরিনী স্নিগ্ধ সুরে প্রতিধ্বনি করে।

(ii) সূর্য রক্ত ঢালছে মাঠের ধানে
তার চেয়ে লাল মেয়েটার মুখখানা।

(iii) ভোর;
আকাশের রঙ ঘাস ফড়িঙের দেহের
মতো কোমল নীল।

(ঘ) অলংকার নির্ণয় করো — (যে-কোনো ***দুটি***)

(i) মধুহীন করো নাগো তব মনঃ কোকনদে।

(ii) হায় শূর্পণখা!
কি কুক্ষণে দেখেছিলি তুইরে অভাগী,
কাল পঞ্চবটী বনে, কালকূটে ভরা
এ ভুজগে।

(iii) তুমি অচপল দামিনী

(ঙ) সংজ্ঞা, শ্রেণিভেদ, উদাহরণসহ অনুপ্রাস অলংকারের পরিচয় দাও।

(চ) অক্ষরবৃত্ত ছন্দের শোষণশক্তি ব্যাখ্যা করো।

৩। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১২×২=২৪

(ক) 'নূতন ছন্দ পরিক্রমা' গ্রন্থে প্রবোধচন্দ্র সেন তিন রীতির ছন্দের যে নামভেদ প্রসঙ্গটি ব্যাখ্যা করেছেন — তা আলোচনা করো।

(খ) প্রবোধচন্দ্র সেনের দৃষ্টিতে ছান্দসিক সত্যেন্দ্রনাথ দত্তের কৃতিত্ব বিচার করো।

(গ) মিশ্রকলাবৃত্ত ছন্দের নানা নাম উল্লেখ করে এই ছন্দের পরিচয় দাও।

(ঘ) উপমা কাকে বলে ? উপমার বিভাগগুলির সংজ্ঞাসহ উদাহরণ দাও।

——×——

## UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 2nd Semester Examination, 2019

## GE2-BENGALI

Time Allotted: 2 Hours	Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*
*Candidates should answer in their own words and adhere to the word limit as practicable.*

১। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ	৩×৪ = ১২

(ক) অক্ষর কাকে বলে ? অক্ষর ও দলের পার্থক্য নির্দেশ করো।

(খ) লয় কাকে বলে ? লয় কত প্রকার ও কী কী ?

(গ) যমক অলঙ্কার কাকে বলে ? উদাহরণসহ বুঝিয়ে দাও।

(ঘ) ব্যতিরেক অলঙ্কারের উদাহরণসহ সংজ্ঞা দাও।

(ঙ) 'ছেলে ভুলানো ছড়া'— ১ কোন্ পত্রিকায় কত সালে প্রকাশিত হয়েছিল ?

(চ) 'মেছেনি' গান কোন্ অঞ্চলে, কোন্ জনগোষ্ঠীতে প্রচলিত ? 'মেছেনি' গানের সংক্ষিপ্ত পরিচয় দাও।

২। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ	৬×৪ = ২৪

(ক) ছন্দোলিপি প্রস্তুত করো —

এ কথা জানিতে তুমি ভারত-ঈশ্বর শা-জাহান,
কালস্রোতে ভেসে যায় জীবন-যৌবন ধনমান।

(খ) ছন্দোলিপি প্রস্তুত করো —

বাঁশ বাগানের মাথার উপর চাঁদ উঠেছে ঐ,
মাগো আমার শোলোক বলা কাজলা দিদি কই ?

(গ) ব্যাখ্যাসহ অলঙ্কার নির্ণয় করো —

(i) লঙ্কার পঙ্কজ রবি গেলা অস্তাচলে ।

(ii) সোহাগে জল উথলে উঠে
বক্ষে তাহার পড়ত লুটি।

(ঘ) ব্যাখ্যাসহ অলঙ্কার নির্ণয় করো —

(i) স্তব্ধ অতল দিঘি-কালো জল নিশীথ-শীতল স্নেহ।

(ii) এতো মালা নয় গো,
এ যে তোমার তরবারি।

(ঙ) "এই ছড়াটি বাল্যকালে আমার নিকট মোহমন্ত্রের মত ছিল" — কোন্ ছড়াটির কথা এখানে বলা হয়েছে ? ছড়াটি সম্পর্কে রবীন্দ্রনাথের মানসিকতা ব্যক্ত করো।

(চ) যে-কোনো দুটি প্রবাদের উল্লেখ করে এগুলির মধ্যে সমাজের যে চিত্র পরিস্ফুট হয়েছে তা উল্লেখ করো।

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২=২৪

(ক) কলাবৃত্ত ছন্দ কাকে বলে ? এই রীতির ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো।

(খ) উপমা অলঙ্কার কাকে বলে ? এই অলঙ্কারের কয়টি অঙ্গ ? উদাহরণসহ এই অলঙ্কারের শ্রেণিবিভাগগুলি আলোচনা করো।

(গ) যে সকল ছড়াগুলি রবীন্দ্রনাথের শিশুমনটিকে প্রভাবিত করেছিল, রবীন্দ্রনাথের 'লোকসাহিত্য' অবলম্বনে তার সংক্ষিপ্ত পরিচয় দাও।

(ঘ) লোকশিল্প বলতে কী বোঝো ? তোমার পাঠ্য যে-কোনো দুটি লোকশিল্পের সংক্ষিপ্ত পরিচয় দাও ।

——×——

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. 2nd Semester Examination, 2019

## AECC2-BENGALI (MIL)

### FOR ARTS

Time Allotted: 2 Hours

Full Marks: 35

*The figures in the margin indicate full marks.*
*Candidates should answer in their own words and adhere to the word limit as practicable.*

১। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১০×২=২০

(ক) 'সবুজের অভিযান' কবিতাটি কত সালে কোন পত্রিকায় প্রকাশিত হয় ? এই কবিতায় কবি যে নবীনের জয়গান ঘোষণা করেছেন, তা নিজের ভাষায় লেখো।

(খ) 'বাবরের প্রার্থনা' কবিতায় পিতৃহৃদয়ের বেদনা কীভাবে প্রকাশিত হয়েছে, তা নিজের ভাষায় ব্যক্ত করো।

(গ) 'বৈজ্ঞানিক বুদ্ধি' প্রবন্ধে রাজশেখর বসু বিজ্ঞাপন সম্পর্কে যে মত ব্যক্ত করেছেন, তা নিজের ভাষায় পরিস্ফুট করো।

(ঘ) পণপ্রথা বিরোধী গল্প হিসাবে রবীন্দ্রনাথের 'দেনাপাওনা' গল্পটির সার্থকতা বিচার করো।

২। নিম্নলিখিত যে-কোনো *তিনটি* প্রশ্নের উত্তর দাওঃ ৫×৩ =১৫

(ক) ভাবসম্প্রসারণ করোঃ

"ধর্মতলার মোড়ে,
একফালি চাঁদ আটকে গেছে
ইলেকট্রিকের তারে।"

(খ) প্রতিবেদন রচনা করোঃ

"তোমার মহাবিদ্যালয়ে জাতীয় সেবা প্রকল্পের (N.S.S) উদ্যোগে আয়োজিত রক্তদান শিবিরের সাফল্য বিষয়ে একটি প্রতিবেদন রচনা করো।"

(গ) সরস্বতী পূজার আমন্ত্রণ পত্রের খসড়া রচনা করো।

(ঘ) ছাত্র সংসদের পক্ষ থেকে ছাত্র-শিক্ষকদের একটি প্রীতি ফুটবল ম্যাচের বিজ্ঞপ্তি রচনা করো।

(ঙ) 'আগামী ক্রিকেট বিশ্বকাপ জয়ে ভারতের সম্ভাবনা কতটুকু' — এ বিষয়ে দুই বন্ধুর কাল্পনিক সংলাপ রচনা করো।

——×——

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 2nd Semester Examination, 2019

## CC3-BENGALI

Time Allotted: 2 Hours | Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*
*Candidates should answer in their own words and adhere to the word limit as practicable.*

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) নিম্নলিখিত গ্রন্থগুলির রচয়িতার নাম ও প্রকাশকাল উল্লেখ করোঃ
বীরাঙ্গনা, গঙ্গা, ক্ষুধিত পাষাণ।

(খ) বাংলা পত্রপত্রিকার ইতিহাসে প্রথম দৈনিক বাংলা পত্রিকার নাম কি ? সম্পাদক কে ছিলেন ? পত্রিকাটি দৈনিক আকারে কবে প্রকাশিত হয় ?

(গ) 'মোচ্ছব' শব্দটি ধ্বনি পরিবর্তনের কোন সূত্র মেনে এসেছে ব্যাখ্যা করো।

(ঘ) নিম্নলিখিত বাক্যগুলিকে IPA তে রূপান্তরিত করোঃ
প্রত্যেক তুচ্ছ কথায় বাংলাদেশের একটি মূর্ত্তি, গ্রামের একটি সংগীত, গৃহের একটি আস্বাদ পাওয়া যায়।

(ঙ) সবুজপত্র কত সালে কার সম্পাদনায় প্রকাশিত হয় ? এই পত্রিকায় প্রথম সংখ্যায় প্রকাশিত রবীন্দ্রনাথের কবিতাটির নাম লেখো।

(চ) পদাতিক, চোরাবালি, অর্কেস্ট্রা, ঝরা পালক, কঙ্কাবতী, দোলনচাঁপা-কাব্যগুলির রচয়িতার নাম লেখো।

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) বাংলা সাহিত্যের ইতিহাসে 'বঙ্গদর্শন' পত্রিকার গুরুত্ব আলোচনা করো।

(খ) বাংলা শব্দভাণ্ডারের মৌলিক শব্দ সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো।

(গ) উত্তরবঙ্গে প্রচলিত উপভাষাগুলির নাম লেখো। এদের মধ্যে যে-কোনো একটি উপভাষার বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো।

(ঘ) বাংলা গদ্য সাহিত্যে প্যারীচাঁদ মিত্রের অবদান সংক্ষেপে আলোচনা করো।

(ঙ) কবি মানকুমারী বসুর কাব্যকৃতি আলোচনা করো।

(চ) যে-কোনো ***একটি*** উপন্যাস সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করোঃ
কপালকুণ্ডলা, চোখের বালি, কবি।

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২= ২৪

(ক) বাংলা গদ্য সাহিত্যের বিকাশে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অবদান লেখো।

(খ) বাংলা ছোটগল্পে রবীন্দ্রনাথের ভূমিকা আলোচনা করো।

(গ) বাংলা কাব্য ও কবিতায় মধুসূদন আধুনিকতার যে বীজ বপন করেছিলেন তা বাংলা কবিতাতে কালান্তরের সূচনা করেছিল – তাঁর কাব্যকৃতি আলোচনা করে উক্তিটির সারমর্ম বিচার করো।

(ঘ) রেখাচিত্রের সাহায্যে বাংলা ভাষার জন্ম ইতিহাস বিবৃত করো।

——×——



\